গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব গোপনীয় শাখা)
www.lalmonirhat.gov.bd

জেলা ইনোভেশন টিমের ডিসেম্বর/২০১৮মাসের সভার কার্য**বিবরণী**।

সভাপতি : মোঃ আহ্সান হাবিব
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
লালমনিরহাট

সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর অফিস কক্ষ।

তারিখ : ১৯-১২-২০১৮ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলো।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে ইনোভেটিভ আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ : উপস্থাপিত কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	গত নভেম্বর /২০১৮ মাসের সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।	সংশ্লিষ্ট সকল
০২	২০১৮-১৯ অর্থ বছরের জেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা : ২০১৮-২০১৯ অর্থ বছরের লালমনিরহাট জেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনায় গৃহিত কার্যক্রমসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী জানুয়ারি/২০১৯ মাসে ০১ (এক) দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।	আগামী জানুয়ারি, ২০১৯ মাসে ০১ দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে। কর্মশালার তারিখ ও সময় ইনোভেশন টিমের জানুয়ারি/২০১৯ মাসের সভায় নির্ধারণ করা হবে।	
০৩	ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনা : সভায় ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন। এছাড়া প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান বিষয়ে আলোচনা করা হয়।	(ক) জেলা ইনোভেশন টিম এর বাৎসরিক কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন করতে হবে। (খ) ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ অব্যাহত রাখতে হবে।	জেলা ইনোভেশন টিম
০৪	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা : অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	আগামী ফেব্রুয়ারি/২০১৯ মাসে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ন্যুনতম ৫ ঘন্টার প্রশিক্ষণ আয়োজন করা হবে।	জেলা ইনোভেশন টিম

০৫	চলমান ইনোভেশন আইডিয়ার পাইলটিং : জানুয়ারি,২০১৯ মাসের জেলা ইনোভেশন টিমের মাসিক সভায় জেলায় চলমান আইডিয়াসমূহ হতে ভালো মানের কয়েকটি আইডিয়া উপস্থাপনপূর্বক পর্যালোচনার বিষয়ে আলোচনা করা হয়।	(১) জনাব মোঃ সাইয়েদুল মোফাচ্ছালীন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট কর্তৃক গৃহিত ''গুড একুয়াকালচার সার্কেল (ফিশ আড্ডা)'' শীর্ষক আইডিয়া, (২) জনাব কামরুননেছা সিথী, উপজেলা সমবায় অফিসার, সদর, লালমনিরহাট কর্তৃক গৃহিত 'টেকসই সমবায় গঠনে সমিতির ব্যবস্থাপনা কমিটি নির্বাচন প্রক্রিয়া সহজীকরণ' আইডিয়া দুইটি পর্যালোচনা করা হবে।	
০৬	সফল পাইলট উদ্যোগের রেপ্লিকেশন সুপারিশ সম্পর্কে আলোচনা : সভায় সফল পাইলট উদ্যোগ রেপ্লিকেশন সম্পর্কে আলোচনা করা হয়। জনাব নুর আলম, উপজেলা কৃষি অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট কর্তৃক গৃহীত ''উত্তম সেবা নিশ্চিত করণের লক্ষ্যে আত্মমূল্যায়ন পদ্ধতি চালুকরণ" আইডিয়াটি সফল পাইলট উদ্যোগ হিসেবে বিবেচিত হওয়ায় জেলায় রেপ্লিকেট করার জন্য জেলার সকল অফিসে পত্র প্রেরণ করা হয়েছে। বর্ণিত উদ্যোগটি বিভাগীয় পর্যায়ে রেপ্লিকেট করার জন্য বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জনাব মোঃ তৌহিদুর রহমান, সহকারী কমিশনার (ভূমি), পলাশবাড়ী, গাইবান্ধা কর্তৃক গৃহীত ''ওয়েবসাইট (ব্লগ) এবং ফিডব্যাক অ্যাড্রেসিং অ্যাপ্লিকেশন ব্যবহার করে উপজেলা ভূমি অফিসের কার্যাবলীর স্বচ্ছতা বৃদ্ধিকরণ'' ইনোভেশন প্রকল্পটি জেলাধীন সকল উপজেলা ভূমি অফিসে রেপ্লিকেশন করা হয়েছে। এছাড়া জনাব জেবুন নাহার, উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ কর্তৃক গৃহীত ''সেবাকুঞ্জ'' নামক ইনোভেশন প্রকল্পটি জেলার সকল উপজেলায় রেপ্লিকেট করার কাজ চলমান রয়েছে। সুপারিশকৃত সকল পাইলট প্রকল্প জেলার সকল উপজেলায় রেপ্লিকেট করার বিষয়টি ইনোভেশন টিমের মাধ্যমে তদারকির বিষয়ে আলোচনা হয়। উপজেলা ইনোভেশন অফিসারের সাথে আলোচনাক্রমে যে সমস্ত আইডিয়া ভালো মানের পরিলক্ষিত হবে সে সমস্ত আইডিয়া গ্রহণকারী কর্মকর্তাগণকে জেলা ইনোভেশন টিমের সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলার সফল ইনোভেটিভ আইডিয়াসমূহকে রেপ্লিকেশনের সুপারিশ করে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে সুপারিশকৃত পাইলট প্রকল্পসমূহ জেলার সকল অফিসে সফলভাবে রেপ্লিকেশন করতে হবে। (২) ভালো আইডিয়া গ্রহণকারী কর্মকর্তাকে জেলা ইনোভেশন টিমের সভায় আহবান করতে হবে।	জেলা ইনোভেশন টিম/ উপজেলা ইনোভেশন টিম (সকল), লালমনিরহাট
০৭	Best Practice : সভায় লালমনিরহাট জেলায় ইনোভেশন আইডিয়ার Best Practice বিষয়ে আলোচনা হয়। সভাপতি জানান যে, এ জেলায় নিম্নবর্ণিত আইডিয়াসমূহের Best Practice হচ্ছে : ১) জনাব মোঃ আহ্সান হাবিব, অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), লালমনিরহাট কর্তৃক গৃহীত 'অর্পিত সম্পত্তির লীজ নবায়ন সহজীকরণ' ২) মোঃ রফিকুল ইলমাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট কর্তৃক গৃহিত 'ড্রাইভিং লাইসেন্স প্রদান সহজীকরণ' ৩) জনাব মোঃ নুর আলম, উপজেলা কৃষি অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট কর্তৃত গৃহিত 'কৃষি ক্যালেন্ডার' ৪) জনাব মোঃ মাহতাব আলী, উপজেলা হিসাব রক্ষণ অফিসার (অবঃ), আদিতমারী, লালমনিরহাট কর্তৃক গৃহীত 'পেনশন কেইস দ্রুত নিষ্পত্তিকরণ'।	জনাব মোঃ নুর আলম, উপজেলা কৃষি অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট কর্তৃক গৃহিত 'কৃষি ক্যালেন্ডার' এবং জনাব মোঃ মাহতাব আলী, উপজেলা হিসাব রক্ষণ অফিসার (অবঃ), আদিতমারী, লালমনিরহাট কর্তৃক গৃহিত 'পেনশন কেইস দ্রুত নিষ্পত্তিকরণ' নামীয় ইনোভেশন প্রকল্প দু'টি এ জেলার অন্যান্য উপজেলায় রেপ্লিকেট হয়েছে কিনা সে বিষয়ে স্ব স্ব বিভাগের অফিস প্রধান জেলা ইনোভেশন টিমকে লিখিতভাবে জানাবেন।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট এবং উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লালমনিরহাট

০৮	চলমান ইনোভেশন আইডিয়া পরিদর্শন : কমিটির সকল সদস্য কর্তৃক জেলায় চলমান আইডিয়াসমূহ পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা ইনোভেশন টিমের সদস্যগণ উপজেলা পর্যায়ে সরকারি ভ্রমণে গেলে স্ব-উদ্যোগে জেলার চলমান সফল আইডিয়াসমূহ পরিদর্শন করবেন।	জেলা ইনোভেশন টিমের সকল সদস্য
০৯	বিবিধ : গৃহীত ইনোভেশন আইডিয়াসমূহ যাতে দ্রুত বাস্তবায়িত হয় সে জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলোকে আন্তরিকতার সাথে কাজ করতে পরামর্শ প্রদান করা হয়। জেলা পর্যায়ের কর্মকর্তাগণকে স্ব স্ব উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের ইনোভেশন আইডিয়ার বিষয়ে নিয়মিত খোঁজখবর রাখতে এবং সহযোগিতা প্রদান করার জন্য পরামর্শ দেওয়া হয়। এছাড়া নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় : (১) উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত করা। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করা। (২) মেন্টরদের তালিকা তৈরী করা। (৩) চলমান আইডিয়াসমূহ সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রেরণ করা। (৪) জেলা রাজস্ব সভায় ইনোভেশন বিষয়ে আলোচনা করা। (৫) সদর উপজেলা সমবায় অফিসার কর্তৃক গৃহিত আইডিয়ার আলোকে জেলার সমাজসেবা কার্যালয়সমূহে আইডিয়া নিতে উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট-কে অনুরোধ করা। (৬) জেলা কৃষি বিভাগের সকল কৃষি অফিসারকে ইনোভেশন আইডিয়া গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করতে ডিডি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট- অনুরোধ করা। (৭) জেলা তথ্য বাতায়নে ইনোভেশন বিষয়ক কার্যক্রমসমূহ হালনাগাদ করা। (৫) ইনোভেশন বিষয়ে কর্মপরিকল্পনা, অগ্রগতি, নতুন উদ্যোগ গ্রহণ, সাফল্য, চ্যালেঞ্জ ইত্যাদি বিষয় অন্তর্ভূক্ত করে অর্থ বছর শেষে একটি প্রকাশনা বের করার জন্য ছবি, ভিডিও এবং ইনোভেশন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করা।	(১)জেলা পর্যায়ের কর্মকর্তাগণ স্ব স্ব উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের ইনোভেশন আইডিয়ার বিষয়ে নিয়মিত খোঁজখবর রাখবেন এবং জেলা ইনোভেশন টিমের সদস্যগণ উপজেলা পর্যায়ে সরকারি ভ্রমণে গেলে স্ব-উদ্যোগে ইনোভেশন আইডিয়া এবং ইউডিসি পরিদর্শন করতে হবে। (২) উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করতে হবে। (৩) মেন্টরদের তালিকা তৈরী করতে হবে। (৪) চলমান আইডিয়াসমূহ সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রেরণ করতে হবে। (৫) জেলা রাজস্ব সভায় ইনোভেশন বিষয়ে আলোচনা করতে হবে। (৬) সদর উপজেলা সমবায় অফিসার কর্তৃক গৃহিত আইডিয়ার আলোকে জেলার সমাজসেবা কার্যালয়সমূহে আইডিয়া নিতে উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট-কে অনুরোধ করতে হবে। (৭) জেলা কৃষি বিভাগের সকল কৃষি অফিসারকে ইনোভেশন আইডিয়া গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করতে ডিডি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট- অনুরোধ করতে হবে। (৮) জেলা তথ্য বাতায়নে ইনোভেশন বিষয়ক কার্যক্রমসমূহ হালনাগাদ করতে হবে। (৯) ইনোভেশন বিষয়ে অর্থ বছর শেষে একটি প্রকাশনা বের করার জন্য ছবি, ভিডিও এবং ইনোভেশন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করতে হবে।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, ইউ.এন.ও (সকল), জেলা ইনোভেশন টিম।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আহ্‌সান হাবিব)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
জেলা ইনোভেশন অফিসার
লালমনিরহাট
ফোনঃ ০৫৯১-৬১৩০৮
adcrevlalmonirhat@gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০৩.০৯.০০১.১৮- ১০০ (২০)

তারিখঃ ১৭/০৯/১৪২৫ বঙ্গাব্দ
৩১/১২/২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। ~~বিভাগীয়~~ কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট
৫। ....লালমনিরহাট
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট
৭। ....লালমনিরহাট

(মোঃ আহ্‌সান হাবিব)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
লালমনিরহাট